হাজরাবাড়ী পৌর বিএনপির পরামর্শ সভা অনুষ্ঠিত

মোঃ রুহুল আমিন রাজু – আগামী ১৪ সেপ্টেম্বর হাজরাবাড়ী পৌর বিএনপির উদ্যোগে জনসভা কে সাফল্য করার লক্ষ্য এক মতবিনিময় ও পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে। গত ৯ সেপ্টেম্বর মঙ্গলবার বিকেলে হাজরাবাড়ী পৌর বিএনপির দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত মতবিনিময় ও পরামর্শ সভায় সভাপতিত্ব করেন হাজরাবাড়ী পৌর বিএনপির আহ্বায়ক মোঃ ইসমাইল হোসেন। হাজরাবাড়ী পৌর বিএনপির সদস্য সচিব শাহ্ মোঃ তালাদ মাহমুদ এর সন্ঞালনায় বক্তব্য রাখেন মেলান্দহ উপজেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ও ফুলকোচা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মিন্নাতুল বারী সোহেল, হাজরাবাড়ী পৌর বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক শামসুজ্জামান সুরুজ বেপারী, মেলান্দহ পৌর শ্রমিক দলের সাধারণত সম্পাদক রুকনুজ্জামান রুকন, হাজরাবাড়ী পৌরসভার কাউন্সিলর জাহাঙ্গীর আলম, ঘোষেরপাড়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ মিজানুর রহমান মজনু, ফুলকোচা ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি জহুরুল ইসলাম, আদ্রা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক এম ওয়াজেদ আলী প্রমুখ নেতৃবৃন্দ।